জীবননগরে অতিরিক্ত ঠান্ডায়’ রেললাইনে ফাটল, ৫ঘন্টা পর মেরামত

চুয়াডাঙ্গা জীবননগর উথলী রেললাইনে অতিরিক্ত ঠান্ডায় ফাটল দেখা দিয়েছে। এতে করে ট্রেন চলাচলে সাময়িক ধীরগতি দীর্ঘ ৫ঘন্টা পর মেরামত ।

আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে উথলী-দর্শনা রেললাইনের তেঁতুলতলা- ঘোড়ামারা রেলগেটের মাঝামাঝি স্থানে এ ঘটনা ঘটে। এদিকে দীর্ঘ ৫ ঘন্টা চেষ্টার ফলে রেললাইন মেরামতের কাজ সম্পন্ন করছে কর্তৃপক্ষ।

স্থানীয় সুত্রে জানা গেছে, ঢাকাগামী চিত্রা এক্সপ্রেস উথলী রেলস্টেশন অতিক্রম করার পর উথলী-দর্শনা রেলপথের উথলী তেঁতুলতলা- ঘোড়ামারা রেলগেটের মাঝামাঝি স্থানে রেললাইনে ফাটল দেখতে পান স্থানীয় এক ব্যক্তি। বিষয়টি রেলপথের নিরাপত্তার দায়িত্বে থাকা আনসার সদস্যদের জানান তিনি। পরে আনসার সদস্যরা রেললাইনের ওপর লাল পতাকা টানিয়ে দর্শনা অভিমুখী একটি মালগাড়ি খুলনা অভিমুখী ১৬ ডাউন মহানন্দ মেইল এবং পার্বতীপুর অভিমুখী ২৩ আপ রকেট মেইলকে ধীরগতিতে ঘটনাস্থল অতিক্রম করান।

উথলী রেলস্টেশনের স্টেশন মাস্টার আবু সাঈদ জানান, খবর পেয়ে রেললাইন মেরামতের কাজ শেষ করেছি। অতিরিক্ত ঠান্ডার কারণে এমন ঘটনা ঘটতে পারে। তবে ট্রেন চলাচল স্বাভাবিক আছে।